মিশিগানে আওয়ামীলীগের শোক দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত

ডেস্ক রিপোর্ট: জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাৎবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে মিশিগান স্টেট ও মিশিগান মহানগর আওয়ামীলীগের উদ্যোগে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। স্থানীয় সময় মঙ্গলবার রাতে মিশিগানের রেশমী রেষ্টুরেন্টে উক্ত সভা অনুষ্ঠিত হয়। যুক্তরাষ্ট্র আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ও গোয়াইনঘাট উপজেলা পরিষদের চেয়ারম্যান ফারুক আহমেদ ও তার সহধর্মিনী রৌশন আরা বেগমের মিশিগান আগমন উপলক্ষে এই আলোচনা সভার আয়োজন করা হয়।

মিশিগান স্টেট আওয়ামীলীগের সভাপতি ফারুক আহমদ (চাঁন্দের) সভাপতিত্বে ও মহানগর আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক জসিম উদ্দিনের পরিচালনায় অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন, স্টেট আওয়ামীলীগের সাধারন সম্পাদক আবু মুছা, উপদেষ্টা শাহেদ আহমদ (আনছারী), আব্দুল মজিদ, মহানগর আওয়ামীলীগের সভাপতি আব্দুস শাকুর মাখন, স্টেট আওয়ামীলীগের সহ-সভাপতি নজরুল রহমান, মুক্তা মিয়া, রফিকুল ইসলাম, মহানগর আওয়ামীলীগের সাধারন সম্পাদক মুহাম্মদ মোতালিব, মিশিগান ষ্টেট আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক এডভোকেট দীপক, আলী আহমদ (ফারিস) খালেদ আহমদ, নিউজ্যাস ষ্টেট আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক মাহফুজুর রহমান (রুমন), মিশিগান স্টেট আওয়ামীগের সাংগঠনিক সম্পাদক দিলওয়ার হোসেন, বিয়ানীবাজার সমিতির সভাপতি ও আওয়ামীলীগ নেতা আজমল হোসেন, সহ সভাপতি রুহেল আমীন, স্টেট যুবলীগ সভাপতি আজিজ সুমন, যুগ্ম সম্পাদক ইবান ও অপু বড়ুয়া সহ স্থানীয় আওয়ামীলীগ ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

আলোচনা সভায় অতিথির বক্তব্যে গোয়াইঘাট উপজেলা পরিষদের চেয়ারম্যান, যুক্তরাষ্ট্র আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ও সিলেট জেলা আওয়ামীলীগের উপদেষ্টা ফারুক আহমেদ বলেন, হাজার বছরের শ্রেষ্ট বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম না হলে বাংলাদেশের জন্ম হতোনা। জাতির কতিপয় দুশমন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্বপরিবারে হত্যা করে বাংলাদেশকে স্তব্ধ করে দিতে চেয়েছিল। কিন্তু বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এখন উন্নয়নের মহাসড়কে। দেশরত্ন শেখ হাসিনা বিশে^ উন্নয়নের রোল মডেল। শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে বিশে^র

বিভিন্ন প্রান্তে ছড়িয়ে থাকা বঙ্গবন্ধুর আদর্শের সৈনিকদেরকে অগ্রণী ভুমিকা পালন করতে হবে।